Department of Education

Carmen Fariña
Chancellor

সংশোধিত পাবলিক নোটিস ৩
ফেব্রুয়ারি, ২০১৫

চ্যান্সেলরের প্রবিধান A-413
স্কুলে সেল ফোন এবং অন্য ইলেক্ট্রনিক যন্ত্রপাতির ব্যবহার

I. বিষয়ের বর্ণনা এবং বিবেচনাধীন প্রস্তাবিত বিষয়ের উদ্দেশ্য।

চ্যান্সেলরের প্রবিধান A-413 একটি নতুন প্রবিধান। এটি স্কুল সম্পত্তিতে সেল ফোন, বিভিন্ন কমপিউটিং যন্ত্রপাতি এবং বহনযোগ্য মিউজিক এবং বিনোদন সরঞ্জাম ব্যবহার নিয়ন্ত্রণ করে।

প্রবিধানে বর্ণিত নিয়মগুলো নিম্নোরুপ:

- শিক্ষার্থীদের নিচে উল্লিখিত জিনিসগুলো স্কুলে আনার অনুমতি রয়েছে: সেল ফোন; ল্যাপটপ, ট্যাবলেট,আইপ্যাড এবং অন্য একই ধরনের কমপিউটিং যন্ত্রপাতি("কমপিউটিং যন্ত্রপাতি"),এবং স্কুলে ব্যবহারের জন্য বহনযোগ্য মিউজিক এবং বিনোদনের সিস্টেম।
- এই প্রবিধানের সাথে সামঞ্জস্য রেখে এই ধরনের ইলেকট্রনিক যন্ত্রপাতির ব্যবহারের একটি লিখিত স্কুল-ভিত্তিক নীতিমালা প্রত্যেক প্রিন্সিপ্যাল অবশ্যই তৈরি করবেন এবং এ ব্যাপারে স্কুল লিডারশিপ টিমের পরামর্শ অবশ্যই নেবেন।
- স্কুল-ভিত্তিক নীতিমালায় অবশ্যই উল্লিখিত থাকবে কোন পরিস্থিতিতে সেল ফোন, কমপিউটিং যন্ত্রপাতি এবং বহনযোগ্য মিউজিক এবং বিনোদনের সিস্টেম স্কুল চত্বরে ব্যবহার করা যাবে এবং ঐসব সরঞ্জাম বাজেয়াপ্ত এবং ফেরতদানের প্রক্রিয়াও অবশ্যই সেখানে বর্ণিত থাকবে।
- কোন একটি ক্যাম্পাসে অবস্থিত স্কুলসমূহের জন্য, যেসব স্থানগুলো শেয়ার করে ব্যবহৃত হয় সেখানে এই ধরনের সরঞ্জাম ব্যবহারে নীতি অবশ্যই বিল্ডিং কাউন্সিল নির্ধারণ করবে।
- স্কুলে ফায়ার ড্রিল অথবা অন্য কোন জরুরি প্রস্তুতির মহড়া চলাকালেও সেল ফোন, কমপিউটিং যন্ত্রপাতি এবং বহনযোগ্য মিউজিক এবং বিনোদনের সিস্টেম চালানো বা ব্যবহার করা যাবে না।
- সেল ফোন এবং বহনযোগ্য মিউজিক এবং বিনোদনের যন্ত্রপাতি কোন স্কুল কুইজ, টেস্ট অথবা পরীক্ষার সময়েও ব্যবহার বা বাজানো যাবে না।
- স্কুল কর্তৃক স্পষ্টভাবে অনুমোদিত অথবা কোন ব্যক্তিক শিক্ষা কর্মসূচিতে অন্তর্ভুক্ত বা সেকশন 504-এর বিশেষ সুবিধা পরিকল্পনায় না থাকলে স্কুল কুইজ, টেস্ট অথবা পরীক্ষার সময় কোন কমপিউটিং যন্ত্রপাতি চালানো অথবা ব্যবহার করা যাবে।
- এসব যন্ত্রপাতি অর্থাৎ সেল ফোন, কমপিউটিং যন্ত্রপাতি, এবং বহনযোগ্য মিউজিক এবং বিনোদন সরঞ্জাম লকার রুম অথবা বাথরুমেও ব্যবহার করা যাবে না।
- ২০১৪-২০১৫ স্কুল বছরের সকল স্কুল-ভিত্তিক নীতি অবশ্যই ২ মার্চ, ২০১৫ তারিখের মধ্যে গৃহীত হতে হবে এবং তারপর প্রতিবছরের ৩১ অক্টোবরের মধ্যে।
- যে পর্যন্ত না ২০১৪-২০১৫ স্কুল বছরের জন্য কোন স্কুল-ভিত্তিক নীতি গৃহীত না হয়, তেমন অবস্থায় স্কুলগুলো নিচে বর্ণিত কোন একটি অন্তর্বর্তীকালীন নীতি প্রতিষ্ঠা করবে এবং সেটি অবশ্যই

শিক্ষার্থী, পিতামাতা এবং স্কুল কর্মীদেরকে অবহিত করবে: 1. শিক্ষার্থীরা স্কুলে সেল ফোন, কমপিউটিং সরঞ্জাম, এবং বহনযোগ্য মিউজিক এবং বিনোদন যন্ত্রপাতি আনতে পারবে, কিন্তু সেগুলি স্কুলে চালাতে অথবা ব্যবহার করতে নাও দেয়া হতে পারে; অথবা 2. তারা ঐসব যন্ত্র স্কুলে আনতে পারে, কিন্তু স্কুল বিল্ডিংয়ে প্রবেশের পর সেগুলি স্কুল কর্তৃক তাদের কাছ থেকে নিয়ে নেয়া হতে পারে এবং স্কুল দিবসের শেষ পর্যন্ত তা কোন নির্দিষ্ট স্থানে সংরক্ষিত রাখা হতে পারে। শিক্ষার্থীরা স্কুলে কমপিউটিং সরঞ্জাম, এবং বহনযোগ্য মিউজিক এবং বিনোদন যন্ত্রপাতি আনতে পারবে, কিন্তু সেগুলি স্কুলে চালাতে অথবা ব্যবহার করতে নাও দেয়া হতে পারে।

- ২০১৫-২০১৬ স্কুল বছর থেকে শুরু করে প্রতি বছর ৩১ অক্টোবরের মধ্যে, প্রতিটি স্কুল অবশ্যই তাদের কনসলিডেটেড স্কুল এবং ইয়ুথ ডেভালাপমেন্ট প্ল্যানে সার্টিফাই করাবে যে, তারা স্কুল সম্পত্তির মধ্যে সেল ফোন, কমপিউটিং সরঞ্জাম, এবং বহনযোগ্য মিউজিক এবং বিনোদনমূলক যন্ত্রের ব্যবহার সম্পর্কিত একটি নীতি গ্রহণ করেছে এবং সেই নীতিটির বিষয়ে শিক্ষার্থী, পিতামাতা, এবং স্কুল কর্মীদেরকে অবহিত করেছে।
- প্রতিটি স্কুল অবশ্যই এই প্রবিধান এবং স্কুল নীতি সম্পর্কে লিখিতভাবে প্রতিবছর ৩১ অক্টোবরের মধ্যে শিক্ষার্থী, পিতামাতা এবং কর্মীদেরকে জানাবে। শুধু ২০১৪-২০১৫ স্কুল বছরের জন্য, এই অবহিতকরণের বিষয়টি স্কুল নীতি গৃহীত হবার ৩০ স্কুল দিবসের মধ্যে অবশ্যই সম্পন্ন করতে হবে।
- প্রতিটি স্কুল ৩১ অক্টোবরের মধ্যে এই প্রবিধান এবং স্কুল নীতি বিষয়ে অবশ্যই একটি বার্ষিক পরিচিতি অনুষ্ঠান পরিচালনা করবে। শুধু ২০১৪-২০১৫ স্কুল বছরের জন্য, এই পরিচিতির বিষয়টি স্কুল নীতি গৃহীত হবার ৩০ স্কুল দিবসের মধ্যে অবশ্যই সম্পন্ন করতে হবে।
- প্রতিটি স্কুল তাদের ওয়েবসাইটে অবশ্যই এই নীতি সম্পর্কিত নোটিস পোস্ট করবে।
- যেসকল শিক্ষার্থী ডিওই-র শৃঙ্খলা বিধি, স্কুল নীতি, এই প্রবিধান এবং/অথবা ডিওই-র গ্রহণযোগ্য ইন্টারনেট ব্যবহার এবং সুরক্ষা নীতি("আইএইউএসপি") লঙ্ঘন করে সেল ফোন, কমপিউটিং সরঞ্জাম এবং/অথবা বহনযোগ্য মিউজিক এবং বিনোদন সিস্টেম ব্যবহার করে তারা শৃঙ্খলা বিধিতে নির্ধারিত গাইডেন্স মধ্যস্থতা এবং শৃঙ্খলাজনিত যেসব নিয়মনীতি রয়েছে সেই অনুযায়ী শৃঙ্খলা লঙ্ঘনের শাস্তি লাভ করবে।
- কোন স্কুল যদি ডিওই-র শৃঙ্খলা বিধি, স্কুল নীতি, চ্যান্সেলরের প্রবিধান A-413 এবং/অথবা ডিওই-র আইএইউএসপি লঙ্ঘন করার করার কারণে কোন শিক্ষার্থীর সেল ফোন, কমপিউটিং সরঞ্জাম, অথবা বহনযোগ্য মিউজিক অথবা বিনোদন সিস্টেম বাজেয়াপ্ত করে, তাহলে প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি অবশ্যই শিক্ষার্থীর পিতামাতার সাথে যোগাযোগ করবেন। অবশ্যই স্কুল নীতি অনুযায়ী এই ধরনের সরঞ্জাম বাজেয়াপ্তকরণ এবং ফেরতদানের প্রক্রিয়াটি পরিচালিত হবে।
- স্কুল ব্যবস্থার স্বার্থ বিবেচনা করে চ্যান্সেলর ইচ্ছে করলে এই প্রবিধানের কিছু অংশ অথবা পুরোটা মকুব করে দিতে পারেন।

II. <u>প্রস্তাবিত পরিবর্তন বিষয়ক পূর্ণাঙ্গ তথ্য যেখানে পাওয়া যাবে, সে তথ্য।</u>

সংশোধিত প্রবিধানের পূর্ণাঙ্গ বিবরণ এবং সমগ্র প্রবিধান প্যানেল ফর এডুকেশন-এর নিম্নোক্ত ওয়েবসাইট-এর মূল পৃষ্ঠায় পাওয়া যাবে:
http://schools.nyc.gov/AboutUs/leadership/PEP/publicnotice/2014-2015/February2015Regulations

III. যিনি বিবেচনাধীন বিষয় সম্পর্কে জানেন, যার কাছে থোক বিষয়টি সম্পর্কে তথ্য পাওয়া যাবে, সিটির সেই ডিস্ট্রিক্ট প্রতিনিধির নাম, অফিস, ঠিকানা, ইমেইল এবং ফোন নম্বর।

নাম: ক্রিস্টিনা হারডিয়াল

অফিস: অফিস অব সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভালাপমেন্ট

ঠিকানা: 52 Chambers Street, Room 218, New York, NY 10007

ইমেইল: RegulationA-413@schools.nyc.gov

ফোন: 212-346-5212

IV. প্যানেল ফর এডুকেশন পলিসি-এর যে সভায় প্যানেল প্রস্তাবিত বিষয়ে ভোগ গ্রহণ করবে, সে সভার তারিখ, সময় এবং স্থান।

২৫ ফেব্রুয়ারি, ২০১৫, সন্ধ্যা ৬:০০টা।

High School of Fashion Industries
225 W. 24th Street
New York, NY 10011